

الْمُمِيت

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬২ তম নাম ‘الْمُمِيت’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْمُمِيت’ শব্দের মূল ت - و - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৬৫ বার এসেছে। মৃত্যুবরণ করা, মৃত্যু ঘটানো, মৃত্যু ও মৃত পশু ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُمِيت অর্থ: ‘তিনি মৃত্যুদাতা’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

كَيْفَ تَكْفُرُونَ بِاللَّهِ وَكُنْتُمْ أََمْوَاتًا فَأَحْيَاكُمْ ثُمَّ يُمِيتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ﴿٢٨﴾

তোমরা কি করে আল্লাহর সাথে কুফুরি করছো, অথচ তোমরা ছিলে মৃত, তারপর তিনিই তোমাদের হায়াত দান করেন। পুনরায় তিনিই তোমাদের মউত দিবেন। তারপর আবার তোমাদের হায়াত দান করবেন এবং সবশেষে তোমাদের ফিরিয়ে নিবেন তাঁর কাছে। (সূরা আল বাকারা: আয়াত নং ২৮)

يَأْيُهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ كَفَرُوا وَقَالُوا لِأِخْوَانِهِمْ إِذَا ضَرَبُوا فِي الْأَرْضِ أَوْ كَانُوا غُزًى لَوْ كَانُوا عِنْدَنَا مَا مَاتُوا وَمَا قُتِلُوا لِيَجْعَلَ اللَّهُ ذَلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ وَاللَّهُ يُحْيِي وَيُمِيتُ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١٥٦﴾

হে ঈমানদারগণ! তোমরা এসব লোকদের মতো হয়োনা যারা কুফরী করে এবং তাদের ভাইদের বলে যখন তারা বিভিন্ন দেশে ভ্রমণ করে কিংবা যুদ্ধরত থাকে; তারা যদি আমাদের কাছে থাকতো, তাহলে মরতোও না এবং নিহতও হতো না, আল্লাহ এসব কথা কে তাদের মনস্তাপের কারণ বানিয়ে দেন। আল্লাহই তো জীবন দান করেন এবং মৃত্যু দান করেন। তোমরা যা কর সে বিষয়ে আল্লাহ দৃষ্টি রাখছেন। (সূরা আলে ইমরান: আয়াত নং ১৫৬)

لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ يُحْيِي وَيُمِيتُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٠﴾

মহাকাশ ও পৃথিবীর সর্বময় কর্তৃত্ব তাঁর। তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান। তিনি প্রতিটি বিষয়ে ক্ষমতাবান। (সূরা আল হাদীদ: আয়াত নং ২)

মুসলিম শরীফের হাদীস:

হে আল্লাহ, তুমি আমাকে জীবিত রাখ, যতক্ষণ পর্যন্ত জীবিত থাকি আমার জন্য কল্যাণকর। আর যখন আমার মৃত্যু কল্যাণকর তখন আমাকে মৃত্যু দাও।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! এই দুনিয়া ছেড়ে আমাদেরকে যেতেই হবে এবং মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে। তাই মৃত্যু আসার আগেই আমরা তওবা-ইস্তেগফার করে সৎকাজ করার সংকল্প গ্রহণ করি এবং আল্লাহর সাথে কাউকে শরিক না করি। আল্লাহ শিরকের পাপ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহ।